


গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার এবং বিভাগীয় ও জেলা পর্যায়ের সরকারি গণগ্রন্থাগারসমূহে  
ইন্টারনেট সেবা প্রদানের নীতিমালাঃ

- ১। গ্রন্থাগারের সকল পাঠক বিনামূল্যে গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন গণগ্রন্থাগারসমূহে বিনামূল্যে ইন্টারনেট সেবা গ্রহণের সুবিধা পাবেন। তবে সেবা গ্রহণের পূর্বশর্ত হিসেবে প্রত্যেক ব্যবহারকারীকে নির্ধারিত ফরম পূরণ করে গণগ্রন্থাগারের সদস্য হিসেবে নাম অন্তর্ভুক্ত করতে হবে।
- ২। প্রত্যেক সদস্যকে পূরণকৃত ফরমের সাথে জামানত হিসেবে ফেরতযোগ্য নগদ=২০০/- (দুইশত) টাকা কর্তৃপক্ষের নিকট জমা রাখতে হবে। ইন্টারনেট ব্যবহারকালীন সময় কোন ধরনের ক্ষতিপূরণ কিংবা প্রিন্ট সংগ্রহ বাবদ ব্যবহারকারী গণগ্রন্থাগারের পাওনা পরিশোধ করতে ব্যর্থ হলে উক্ত পাওনা জামানতের অর্থ হতে কর্তন করা হবে। পরবর্তীতে ইন্টারনেট ব্যবহারের পূর্বে তাঁকে জামানতের অর্থ পুনরায় পূরণ করতে হবে।
- ৩। সাপ্তাহিক ছুটি ও সরকারি ছুটির দিন ব্যতিত প্রতিদিন লাইব্রেরি চলাকালীন সময় পর্যন্ত ইন্টারনেট সেবা প্রদান করা হবে।
- ৪। একজন ব্যবহারকারী সর্বোচ্চ ২০ (বিশ) মিনিট পর্যন্ত ইন্টারনেট ব্যবহার করতে পারবেন। ব্যবহারকারী কোনক্রমেই একাধিক ব্যক্তিকে কম্পিউটারের পার্শ্বে রাখতে পারবেন না এবং ব্যবহারকালে পাঠ পরিবেশের বিঘ্ন ঘটানো যাবেনা।
- ৫। ইন্টারনেট ব্যবহারকারীর সংখ্যা অধিক হলে এক ব্যক্তি প্রতিদিন একবার মাত্র ইন্টারনেট ব্যবহারের সুযোগ পাবেন। ব্যবহারকারীর সংখ্যা কম হলে ব্যবহারকারীকে অতিরিক্ত সময় কিংবা একাধিকবার ইন্টারনেট ব্যবহারের বিষয়ে স্থানীয় গণগ্রন্থাগার কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে ব্যবহারকারীকে মেনে নিতে হবে।
- ৬। শুধুমাত্র শিক্ষামূলক/জরুরী প্রয়োজনীয় তথ্য সংগ্রহের কাজে গণগ্রন্থাগারের ইন্টারনেট ব্যবহার করা যাবে। কোনক্রমেই শিক্ষামূলক তথ্য সংগ্রহ/ব্রাউজিং ছাড়া অশালীন/অনাকাঙ্ক্ষিত তথ্য সংগ্রহ করার কাজে গণগ্রন্থাগারের ইন্টারনেট ব্যবহার করা যাবেনা।
- ৭। অশালীন বা আপত্তিকর কোন ওয়েবসাইট ব্যবহার/তথ্য ব্রাউজিং করার জন্য ইন্টারনেট ব্যবহার করতে দেখা গেলে সংশ্লিষ্ট ব্যবহারকারীকে গণগ্রন্থাগারের যে কোন সুযোগ সুবিধা গ্রহণের উপর নিষেধাজ্ঞা প্রদান কিংবা ব্যবহারকারীর বিরুদ্ধে কর্তৃপক্ষ যে কোন ধরনের শাস্তিমূলক ব্যবস্থা নিতে পারবেন।
- ৮। ইন্টারনেট ব্যবহারকারী গণগ্রন্থাগারের কম্পিউটারে কোন ধরনের প্রয়োজনে পেনড্রাইভ ব্যবহার করতে পারবে না।
- ৯। কোন তথ্যের হার্ড কপি প্রয়োজন হলে কর্তৃপক্ষের নিকট লিখিত অনুমতি গ্রহণ সাপেক্ষে প্রতি পৃষ্ঠার জন্য ৫.০০ (পাঁচ) টাকা নগদ প্রদানের বিনিময়ে প্রিন্ট করে নেয়া যাবে।
- ১০। ইন্টারনেট ব্যবহারকালীন সময়ে কোন ধরনের ক্ষয়-ক্ষতি সাধিত হলে সেজন্যে ব্যবহারকারী দায়ী থাকবেন এবং নিয়মানুযায়ী ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবেন।
- ১১। প্রত্যেক ইন্টারনেট ব্যবহারকারী ইন্টারনেট ব্যবহার সংক্রান্ত নীতিমালা মেনে চলতে বাধ্য থাকবেন।
- ১২। প্রয়োজনবোধে কর্তৃপক্ষ যে কোন সময় এই নীতিমালা পরিবর্তন ও পরিবর্ধনের ক্ষমতা সংরক্ষণ করেন। ব্রাউজিং করতে পারেন কেবল মাত্র তাকেই ব্যবহার করতে দেয়া হবে।

  
০৪.০৪.১৭  
সচিব

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

মোঃ ইব্রাহীম হোসেন খান  
ভারপ্রাপ্ত সচিব  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার